**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 1↳04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা জাতীয় স্তরের চিন্তন শিবিরে আই.ই.সি-সি.বি কার্যক্রমে শীর্ষ রাজ্য' বিভাগের অধীনে সেরা পারফর্মিং রাজ্য" হিসেবে সম্মানিত ।**

**(২) কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, এম. জি এন রেগা প্রকল্পে শ্রমিকদের সময়মতো কাজের যোগান দেওয়া এবং দ্রুত মজুরি প্রদান করাই সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার।**

**(৩) জাতীয় স্বাস্থ্য মিশন কৈলাশহরের ইরাণী এলাকায় হাম এর প্রাদুর্ভাব প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে।**

**(৪) সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ ছয়টি খেলা অনুষ্ঠিত হয়।**

*****************************************************************

**IEC-CB:**

গর্ব ও স্বীকৃতির এক উজ্জ্বল মুহূর্তে, ত্রিপুরা জাতীয় স্তরের চিন্তন শিবিরে 'আই.ই.সি-সি.বি কার্যক্রমে শীর্ষ রাজ্য' বিভাগের অধীনে সেরা পারফর্মিং রাজ্য" হিসেবে সম্মানিত হয়েছে। আইইসি-সিবি কার্যক্রমে শীর্ষস্থান অর্জনের জন্য এই পুরস্কার প্রদান করা হয়| সম্প্রতি মহারাষ্ট্রের পুনেতে এক অনুষ্ঠানে ন্যাশনাল হেলথ অথরিটি এই পুরস্কারটি প্রদান করে| এই মর্যাদাপূর্ণ স্বীকৃতি ত্রিপুরার তথ্য, শিক্ষা ও যোগাযোগ এবং সক্ষমতা বৃদ্ধি উদ্যোগকে আরও শক্তিশালী করার ধারাবাহিক প্রচেষ্টাকে তুলে ধরে।

এই সাফল্য ভবিষ্যতে স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থাকে আরও শক্তিশালী করার জন্য নতুন উদ্ভাবন ও নিষ্ঠাকে অনুপ্রাণিত করবে এবং এর ফলে রাজ্যের সুবিধাভোগীরা উপকৃত হবেন বলে আশা। আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের পক্ষ থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

******************************

## MGN-Rega:

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, এম. জি এন রেগা প্রকল্পে শ্রমিকদের সময়মতো কাজের যোগান দেওয়া এবং দ্রুত মজুরি প্রদান করাই সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইনের বাস্তবায়ন পর্যালোচনা করার জন্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির গ্রামোন্নয়ন মন্ত্রীদের সঙ্গে আজ ভার্চুয়ালি বৈঠকে তিনি একথা বলেন।বৈঠকে ‘বিকশিত ভারত-রোজগার নিশ্চয়তা এবং ‘আজীবিকা মিশন (গ্রামীণ)’ চালুর জন্য রাজ্যগুলির প্রস্তুতিও মূল্যায়ন করা হয়। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, মহাত্মা গান্ধী এনআরইজিএ-র অধীনে মাঠ পর্যায়ে কাজ অবশ্যই নির্বিঘ্ন ও নিরবচ্ছিন্নভাবে চলতে হবে।

******************************

## World Liver Day:

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা নাগরিকদের নিজ নিজ স্বাস্থ্যের দায়িত্ব নিতে এবং একটি সুস্থ যকৃৎ ও স্বাস্থ্যকর ভবিষ্যতের জন্য প্রতিদিন আরও ভালো সিদ্ধান্ত নিতে আহ্বান জানিয়েছেন। আজ বিশ্ব যকৃৎ দিবসে সামাজিক মাধ্যমে শ্রী নাড্ডা বলেছেন যে, একটি সুস্থ জীবনের চাবিকাঠি হলো একটি সুস্থ যকৃৎ। তিনি নাগরিকদের মানবদেহকে প্রতিদিন সুস্থ ও সচল রাখতে যকৃতের গুরুত্বপূর্ণ ভূমিকার কথাও স্মরণ করিয়ে দেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী বলেন যে, পুষ্টিকর খাবার খাওয়া, পর্যাপ্ত পরিমাণে জল পান করা

এবং শারীরিকভাবে সক্রিয় থাকার মতো সাধারণ অভ্যাসগুলি একটি বড় পরিবর্তন আনতে পারে।

*******************************

**PM:**

আজ অক্ষয় তৃতীয়া৷ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক শুভেচ্ছা বার্তায় প্রধানমন্ত্রী বলেন, এই উৎসব পুণ্যকর্ম, দান এবং সেবার পথে চলতে অনুপ্রাণিত করে। অক্ষয় তৃতীয়ায় তিনি সবার জীবনে সুখ, সমৃদ্ধি এবং সুস্বাস্থ্য কামনা করেছেন৷

*******************************

**Chardham Yatra:**

উত্তরাখণ্ডে, উত্তরকাশী জেলায় অবস্থিত শ্রী গঙ্গোত্রী এবং যমুনোত্রী মন্দিরের দ্বার আজ অক্ষয় তৃতীয়া উপলক্ষে ভক্তদের জন্য খোলা হয়েছে। গঙ্গোত্রী মন্দিরের দ্বার দুপুর ১২:১৫ মিনিটে এবং যমুনোত্রী মন্দিরের দ্বার দুপুর ১২:৩৫ মিনিটে খোলা হয়েছে। এর মাধ্যমেই রাজ্যে চার ধাম যাত্রা আনুষ্ঠানিকভাবে শুরু হয়।

*******************************

**Governor Greetings:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু 'গড়িয়া পূজা' উপলক্ষে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, গড়িয়া পূজা ত্রিপুরার অন্যতম প্রধান উৎসব, ভগবান গড়িয়াকে গৃহস্থালির এক কল্যাণময় সত্তা হিসেবে গণ্য করা হয়। গড়িয়া ভক্তি ও সমৃদ্ধির প্রতীক। এই উৎসব রাজ্যের জনগণের মাঝে আনন্দ, সুখ, ভালোবাসা এবং ভ্রাতৃত্ববোধ বয়ে আনুক-এই প্রত্যাশা করেন রাজ্যপাল|

******************************

**CM-West Bengal:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার নবগ্রাম বিধানসভার বিজেপি প্রার্থী দিলীপ সাহার সমর্থনে আয়োজিত বিজয় সংকল্প সভায় বক্তব্য রাখেন| নবগ্রামের ভোলাডাঙা ফুটবল ময়দানে অনুষ্ঠিত সভায় তিনি পশ্চিমবঙ্গ সরকার ও তৃণমূল কংগ্রেসের সমালোচনা করেন|

******************************

**Finance Minister:**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরের রাজারবাগ পঞ্চায়েত চৌমুহনী এলাকায় নবনির্মিত প্রাইমারি এগ্রি মার্কেটে ব্যবসা করার জন্য ৩৬ জন ব্যবসায়ীকে সরকারি দোকান ঘর প্রদান করেন।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের পুরপিতা শীতল চন্দ্র মজুমদার, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়|

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**NHM-KAILASHAHAR:**

জাতীয় স্বাস্থ্য মিশন কৈলাশহরের ইরাণী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন এলাকায় ভাইরাস- জনিত সংক্রামিত রোগ হাম এর প্রাদুর্ভাব প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। উদ্ভুত পরিস্থিতি মোকাবেলায় গৃহীত পদক্ষেপ সরজমিনে খতিয়ে দেখতে জাতীয় স্বাস্থ্য মিশনের রাজ্য অধিকর্তা সাজু ওয়াহিদ এ আজ কৈলাশহরের ইরাণি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি পরিদর্শন করেন। তিনি এখানে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিয়ে এক বৈঠক করেন। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক ডক্টর তমাল মজুমদার, গৌরনগর ব্লকের BDO ওঙ্কার দেব, CMO ডাঃ শীর্ষেন্দু চাকমা, জেলা প্রতিষেধক আধিকারিক ডাঃ সন্দীপন ভট্টাচার্য প্রমুখ।

এদিকে, NHM -এর মিশন অধিকর্তা আজ কৈলাশহরস্থিত ঊনকোটি জেলা হাসপাতালে গিয়েও পরিকাঠামো ও পরিষেবা পর্যবেক্ষণ করেন।

জাতীয় স্বাস্থ্য মিশনের রাজ্য মিশন অধিকর্তা সাজু ওয়াহিদ এ জানান, প্রতিবেশী দেশে হামের প্রাদুর্ভাব বেড়ে যাবার কারণে সীমান্তবর্তী ভারতীয় ভূখণ্ডে জনস্বাস্থ্য রক্ষায় যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে। হাম ও রুবেলা'র প্রতিষেধক টিকাদান করা হচ্ছে। হামের লক্ষণ দেখা দিলে নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্র বা উপ-স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করার জন্য আবেদন রাখেন তিনি l

*****************************

**BNSS-West Tripura:**

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক জেলার অন্তর্গত সদর এবং মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় রাত ৮টা থেকে পরের দিন সকাল ৫টা পর্যন্ত সময়ে সাধারণ মানুষের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ নং ধারা অনুযায়ী এই বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই আদেশ আগামীকাল থেকে কার্যকর হবে এবং তা ১৯ জুন পর্যন্ত বলবৎ থাকবে। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধাসামরিক বাহিনী এবং রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, পশ্চিম জেলার পুলিশ সুপার এবং সদর ও মোহনপুরের মহকুমা শাসকদের জারি করা বৈধ অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তি, জরুরি সরকারি কাজে নিয়োজিত সরকারি আধিকারিক এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিগণ এই আদেশের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা (বিএনএস) ২০২৩-এর ২২৩ নং ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে পশ্চিম জেলার জেলাশাসকের আদেশে উল্লেখ করা হয়েছে|

*******************************

**BJP Press Meet:**

বিজেপি'র সর্বভারতীয় সহ সভানেত্রী লতা উসেন্দি বলেছেন, সরকারের সর্বোচ্চ ও আন্তরিক প্রচেষ্টার পরও নারী শক্তি বন্দন অধিনিয়ম সংশোধনী সংসদে পাশ করানো সম্ভব হয়নি। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। নারী শক্তি বন্দন অধিনিয়ম সংশোধনী পাশ না হওয়ায় তিনি বিরোধীদের সমালোচনা করেন|

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায় প্রমুখ।

******************************

**Drawing Competition:**

রবিশঙ্করের জন্মদিন উপলক্ষ্যে আজ আগরতলায় এন.এস.আর.সি.সি হলে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার আয়োজন করে আর্ট অফ লিভিং।

******************************

**Mann Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮00-১১-৭৮00 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন ২৪শে এপ্রিল পর্যন্ত খোলা থাকবে।

******************************

**T-20 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২0 ক্রিকেট প্রতিযোগিতার আজ ছয়টি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় চলমান সংঘ ৭১ রানে ইউনাইটেড বি এস টিকে এবং পোলেস্টার ক্লাব ৫৮ রানে সংহতি ক্লাবকে পরাজিত করে। এছাড়া নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় স্ফুলিঙ্গ ক্লাব ২ উইকেটে কসমোপলিটন ক্লাবকে এবং জয়নগর ক্রিকেট ক্লাব ৬ উইকেটে মৌচাক ক্লাবকে হারিয়ে দেয়। নরসিংগড়ের টি আই

টি মাঠে দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব ২ উইকেটে শতদল সংঘকে এবং বনমালিপুর ক্রিকেট ক্লাব ৭ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে পরাজিত করে।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ধলাই, খোয়াই, ঊনকোটি ও পশ্চিম জেলাতে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

******************************

******************************